

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০১৪-২০

১৪ কার্তিক, ১৪২১

তারিখ : -----

২৯ অক্টোবর, ২০১৪

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/ প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

বস্ত্র শিল্পের তৈরী পোশাক খাতে অতিরিক্ত আর্থিক প্রণোদনা প্রদান প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত **এফই সার্কুলার নং-২৫, তারিখ জুন ০৮, ২০১৪** এর প্রথম অনুচ্ছেদের (ক) উপ-অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ইপিজেড এর বাইরে অবস্থিত গুন্ড বন্ড/ডিউটি ড্র-ব্যাংক সুবিধা গ্রহণকারীসহ তৈরী পোশাক রপ্তানিকারক সকল প্রতিষ্ঠান রপ্তানি মূল্যের (FOB মূল্যের) ওপর ০.২৫% নগদ সহায়তা প্রাপ্য হবে। এর জন্য এফই সার্কুলার নং-২৫/২০১৪ এ বর্ণিত সকল ধারা ও উপ-ধারা এবং এ সংশ্লিষ্ট ফরমসমূহ অনুসরণীয় হবে।

বর্ণিত অবস্থায়, উপরোক্ত নির্দেশনার আলোকে এফই সার্কুলার নং-২৫, তারিখ জুন ০৮, ২০১৪ এর অপরাপর শর্তাদি পরিপালন সাপেক্ষে বর্ধিত নগদ সহায়তার আবেদনপত্র নিষ্পত্তির জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫০